Lens Asia

১০ অক্টোবর, ২০২৬

# দিল্লিতে বিক্ষোভ ঘিরে আটক জনপ্রিয় ইউটিউবার ধ্রুব রাঠি

ভারতের ইউটিউবার ধ্রুব রাঠি। ছবি: সংগৃহীত

ভারতের ইউটিউবার ধ্রুব রাঠিকে গুরুগ্রাম থেকে আটক করেছে পুলিশ। দিল্লিতে একটি বিক্ষোভে অংশ নিতে যাওয়ার আগে পুলিশের নির্দেশ না মানায় তাকে আটক করা হয় বলে জানিয়েছে হিন্দুস্তান টাইমস।

শনিবার (১০ অক্টোবর) দিল্লির যন্তর মন্তরে প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে বিক্ষোভের কর্মসূচি ছিল। ককরোচ জনতা পার্টি (সিজেপি) আয়োজিত এ কর্মসূচিতে যোগ দেওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন ধ্রুব রাঠি।

প্রতিবেদন অনুযায়ী, বিক্ষোভের আগে গুরুগ্রামের সেক্টর ৫৬-এর কেন্দ্রীয় বিহার এলাকায় ধ্রুব রাঠির বাসায় যান পুলিশ সদস্যরা। তাকে দিল্লিতে না যাওয়ার নির্দেশ দেওয়া হয়। এতে সম্মতি না দেওয়ায় তাকে আটক করা হয় বলে সংবাদমাধ্যমটি জানিয়েছে।

LENS ASIA

এর আগে বিক্ষোভকে কেন্দ্র করে দিল্লিতে মেট্রো স্টেশন বন্ধ এবং ট্রেন চলাচলে বিধিনিষেধ আরোপের সমালোচনা করেছিলেন ধ্রুব রাঠি। এসব পদক্ষেপকে তিনি প্রায় ‘লকডাউন’-এর পরিস্থিতির সঙ্গে তুলনা করেন।

ভারতে নির্বাচনী তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) প্রক্রিয়া নিয়ে আপত্তি এবং প্রধান নির্বাচন কমিশনারের পদত্যাগের দাবিতে বিক্ষোভের আয়োজন করা হয়েছে। তবে ধ্রুব রাঠির আটকের বিষয়ে পুলিশের বিস্তারিত বক্তব্য ও পরবর্তী আইনি পদক্ষেপ সম্পর্কে তাৎক্ষণিকভাবে জানা যায়নি।